**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2025**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্তবিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৫

বাংলা

**Bengali**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** | **পূর্ণমান ঃ ৮০**

**Time : 3 Hours 15 Minutes** | **Full Marks : 80**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**বিভাগ-'ক'**

(i) নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×১২=১২

১। নিরুপমার বিবাহে পণ চাওয়া হয়েছিল

(ক) ৮ হাজার টাকা (খ) ১০ হাজার টাকা

(গ) ১২ হাজার টাকা (ঘ) ১৫ হাজার টাকা

২। যুগলপ্রসাদ রান্না করেছিল

(ক) মুরগির মাংস (খ) ভেড়ার মাংস

(গ) পাখির মাংস (ঘ) পাঁঠার মাংস

৩। বিরসা যার কান্না শুনেছিল—

(ক) মা (খ) বাবা

(গ) পড়শি (ঘ) অরণ্য জননী

৪। আমাদের মুখ্য অবলম্বন হল—

(ক) দেশজাত পণ্যদ্রব্য (খ) বিদেশি পণ্যদ্রব্য

(গ) বিদেশি বস্ত্র (ঘ) দেশজ কাপড়

৫। তরুণদের কবি রবীন্দ্রনাথ ঠাকুর চিহ্নিত করেছেন—

(ক) চিরজীবী (খ) বলিষ্ঠ

(গ) প্রাণশক্তি (ঘ) অগ্রণী

৬। কবি 'সাম্যবাদী' কবিতায় জয়গান গেয়েছেন

(ক) কৃষকের (খ) পৃথিবীর

(গ) মানুষের (ঘ) ঈশ্বরের

৭। "কুয়াশার বুকে ভেসে একদিন আসিব।"— কবি কোথায় আসতে চেয়েছেন?

(ক) আম ছায়ায় (খ) কাঁঠাল ছায়ায়

(গ) তরু ছায়ায় (ঘ) হিজল ছায়ায়

৮। কবি সরাতে চেয়েছিলেন

(ক) পৃথিবীর সব জঞ্জাল (খ) নদীর সব আবর্জনা

(গ) সমস্ত মরুভূমি (ঘ) পুকুরের শ্যাওলা

৯। 'ডাকঘর' নাটক হল

(ক) সামাজিক নাটক (খ) ঐতিহাসিক নাটক

(গ) সাংকেতিক নাটক (ঘ) পৌরাণিক নাটক

১০। চর্যাপদ আবিষ্কার করেন

(ক) শিবনাথ শাস্ত্রী (খ) হরপ্রসাদ শাস্ত্রী

(গ) সুকুমার সেন (ঘ) লুইপাদ

১১। ভারতচন্দ্রের লেখা মঙ্গলকাব্যে এক বাঙালি মাঝির কথা বলা আছে, তিনি কে?

(ক) বিদ্যাসুন্দর (খ) মানসিংহ

(গ) ঈশ্বরী পাটনী (ঘ) বিভাস পাটনী

১২। গতিমুখ অনুসারে স্বরসংগতিকে ক-টি শ্রেণিতে ভাগ করা যায়?

(ক) ২টি (খ) ৩টি

(গ) ৪টি (ঘ) ৫টি

**বিভাগ-'খ'**

(ii) নীচের *যেকোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৬=১২

১। "মুণ্ডার ঘরে এমন ছেলে নাই।" — একথা বলার কারণ কী?

২। "একটা ঘটনা শুনেছি।" — লেখক কী ঘটনা শুনেছেন?

৩। "সকলের ইচ্ছে পূরণ হল।" — কী ইচ্ছে পূরণ হয়েছিল?

৪। 'সাম্যবাদী' কবিতায় কবি ভারতের কোন উপজাতিদের প্রসঙ্গ এনেছেন?

৫। কবি রবীন্দ্রনাথ ঠাকুর কাদের ঘা মেরে বাঁচানোর কথা বলেছেন?

৬। প্রাক্‌চৈতন্য যুগের দুজন শ্রেষ্ঠ কবির নাম লেখো। 'দ্বিতীয় বিদ্যাপতি' কোন কবিকে বলা হয়?

৭। স্বরভক্তি ও ধ্বনি বিপর্যয়ের একটি করে উদাহরণ দাও।

৮। বিভক্তি কয়প্রকার ও কী কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

**বিভাগ-'গ'**

**১।** *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'আবার আসিব ফিরে' কবিতায় বাংলার প্রতি কবির যে গভীর ভালোবাসা ব্যক্ত হয়েছে তার পরিচয় দাও।

(খ) "নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার" — 'নবজাতকের কাছে' কবির দৃঢ় অঙ্গীকার কীভাবে ব্যক্ত হয়েছে?

(গ) "অমলকান্তি রোদ্দুর হতে পারেনি।" — এই আক্ষেপের মধ্যে দিয়ে কবি কোন সত্যে পৌঁছে গিয়েছেন?

২। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'দেনাপাওনা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) "মোরে বাঁচা বিরসা। আমি শুদ্ধ শুচি নিষ্কলঙ্ক হব।" — আমি কে? 'শুদ্ধ শুচি নিষ্কলঙ্ক' বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

(গ) "যারা নিজেদের রক্ষা করতে পারে না, দেবতা তাদের সহায়তা করেন না।"— প্রাবন্ধিকের এই বক্তব্যের তাৎপর্য বিচার করো।

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬×১=৬

(ক) 'ডাকঘর' নাটকে অমল চরিত্রটি সম্পর্কে আলোচনা করো। ৬

(খ) 'অন্ন চাই, প্রাণ চাই'— নাট্যাংশটি কোন নাটক থেকে নেওয়া হয়েছে? লেখকের নাম কী? এই নাটকের দৃশ্যে দুর্ভিক্ষের ভয়াবহ প্রেক্ষাপটে অন্নের জন্য হাহাকার কীভাবে ফুটে উঠেছে লেখো। ১+১+৪

৪। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) চর্যাপদের তৎকালীন সমাজচিত্র বা ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো।

(খ) বাংলায় তুর্কি আক্রমণ কত খ্রিস্টাব্দে হয়েছিল? তখন বাংলার শাসনকর্তা কে ছিলেন? অন্ধকার যুগ বলতে কী বোঝ? তুর্কি আক্রমণের ফলে সমাজ ও সংস্কৃতিতে যে প্রভাব পড়েছিল তা সংক্ষেপে লেখো। ১+১+২

(গ) বাঙালির সমাজজীবনে শ্রীচৈতন্যদেবের অবদান আলোচনা করো।

(ঘ) বাংলা উপন্যাসসাহিত্যে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) 'ভারত চার ভাষাবংশের দেশ।'— আলোচনা করো।

(খ) প্রত্যয় কাকে বলে? প্রত্যয়ের ক-টি ভাগ ও কী কী? উদাহরণ দাও। ২+২

৬। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) উদাহরণসহ সংজ্ঞা দাও (যেকোনো দুটি)ঃ ২+২

স্বরভক্তি, অভিশ্রুতি, নাসিক্যীভবন, জোড়কলম শব্দ

(খ) বাংলা ভাষাকে SOV ভাষা বলে কেন? ইংরেজি ভাষাকে SVO ভাষা বলে কেন? ২+২

(গ) গঠনগত দিক থেকে বাক্যকে ক-টি ভাগে ভাগ করা যায় ও কী কী? প্রতি ভাগের উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ২+২

(ঘ) সংজ্ঞা লেখো (যেকোনো দুটি) ঃ উপসর্গ, নামধাতু, ধ্বন্যাত্মক ধাতু, অনুসর্গ ২+২

৭। প্রদত্ত সূত্র অনুসরণে *যেকোনো একটি* বিষয় অবলম্বনে অনধিক ৩০০ শব্দে প্রবন্ধ লেখো ঃ ১০×১=১০

(ক) 'পরিবেশ দূষণ ও তার প্রতিকার'

পরিবেশ কাকে বলে—কীভাবে পরিবেশ দূষিত হয়—দূষণ সাধারণত কত রকমের হতে পারে—দূষণ কীভাবে রোধ করা সম্ভব—উপসংহার

(খ) 'বেগম রোকেয়া'

তাঁর জন্ম কোথায়, কবে হয়—তাঁর পিতা-মাতার নাম কী ছিল—সমসাময়িক সমাজ—বিবাহ ও বিবাহিত জীবন—সাহিত্য রচনার উদ্দেশ্য ও সাহিত্যকৃতি—উল্লেখযোগ্য কীর্তি—মৃত্যু।

(গ) 'মাদার টেরিজা'

তাঁর জন্ম কোথায়, কবে হয়—তাঁর পিতা-মাতার নাম কী ছিল—তাঁর স্বপ্ন ও কর্মজীবন—পুরস্কার—মৃত্যু।

(ঘ) নিম্নে প্রদত্ত মানস মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ লেখো।

"ছেলেবেলার দিনগুলি"

বড়ো হওয়ার পেছনে ছেলেবেলার প্রভাব

↓

শৈশব হারিয়ে যাওয়ার দুঃখ

↓

ছেলেবেলার ঘটনাবহুল স্মৃতি

↓

অচেনা মানুষ ও প্রকৃতির কাছাকাছি যাওয়া

↓

শিশুর আগামী দিনের ভবিষ্যৎ

↓

বিখ্যাত মানুষদের ছেলেবেলা কীভাবে মনকে নাড়া দেয়

↓

ছেলেবেলার মূল্য

———